গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
রাজৈর, মাদারীপুর
(www.rajoir.madaripur.gov.bd)

স্মারক নম্বর-০৫.৪১.৫৪৮০.০০০.০৫.০০১.২৫- ৯৭৪

তারিখ : ০২ চৈত্র ১৪৩১ / ১৬ মার্চ ২০২৫

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

"সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী মাদারীপুর জেলার ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি ইজারাযোগ্য বদ্ধ জলমহালসমূহ বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৭/১২/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৬৯৪ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা হয়েছিল কিন্তু কোন আবেদন পাওয়া যায়নি। তৎপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১০/০৩/২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৫.২৪.১৮৮ নম্বর স্মারকাদেশ মোতাবেক যে সকল জলমহাল অনলাইনে ইজারা হয়নি বা হবে না, সে সকল জলমহাল সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে প্রজ্ঞাপনের আলোকে বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ০২ চৈত্র থেকে ৩০ চৈত্র তারিখের মধ্যে (১৬/০৩/২০২৫ হতে ১৫/০৪/২০২৫) সাধারণ/সরাসরি আবেদন করতে হবে। আবেদনের কপি ও জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে এবং সকল কাগজের ০১ (এক) সেট ছায়ালিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি বরাবরে জমা দিতে হবে। "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

## মাদারীপুর জেলার রাজৈর উপজেলায় ২০ একর পর্যন্ত ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দে ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন | সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর ৫(৪)(খ) অনুচ্ছেদ অনুযায়ী কাঙ্খিত বার্ষিক ন্যুনতম ইজারা মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | খালিয়া | বৌলগ্রাম-১ | ০.৮৮ | |
| ২ | খালিয়া | বৌলগ্রাম-২ | ০.৯৬ | |
| ৩ | খালিয়া | বৌলগ্রাম-৩ | ০.৯৫ | |
| ৪ | খালিয়া | বৌলগ্রাম-৪ | ১.১০ | |
| ৫ | রাজৈর | রাজৈর-১ | ০.৫১ | |
| ৬ | রাজৈর | রাজৈর-২ | ০.৬২ | |
| ৭ | বাজিতপুর | সুতারকান্দি-১ | ০.৫৫ | |
| ৮ | কদমবাড়ী | কদমবাড়ী-১ | ২.৪৮ | |
| ৯ | কদমবাড়ী | কদমবাড়ী-২ | ২.২৮ | |

**প্রয়োজনীয় শর্তাবলী :**

১. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২. আবেদন দাখিলের পূর্বে প্রস্তাবিত জলমহালের অবস্থান, পরিমাণ ইত্যাদি সরেজমিন দর্শন করে আবেদনপত্র দাখিল করতে হবে। জলমহাল ইজারা প্রদানের/গ্রহণের পরবর্তীতে এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে ইজারাদাতা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩. আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

৪. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন এবং বিগত ০৩ (তিন) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। নতুন সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৫. আবেদন ফরমের সাথে আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

৬. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। দাখিলকৃত কোন আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৭. সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত/উদ্ধৃত ইজারা মূল্যের উপর ২০% অর্থ জামানাত হিসাবে ''জেলা প্রশাসক, মাদারীপুর''-এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি আবেদনের প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। উল্লেখ্য, আবেদনের সাথে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর নির্দেশনার অতিরিক্ত কোন কাগজপত্র দাখিল/সংযুক্ত করা থেকে বিরত থাকতে হবে।

৮. জেলা পর্যায়ের জলমহাল আবেদন করার ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) নির্দিষ্ট **"১-৪৬৩১-০০০০-১২৬১"** নং কোডে জমা প্রদান করতে হবে। অনলাইন আবেদনে উক্ত চালানের কপি সংযুক্তিসহ এ কার্যালয়ে দাখিলকৃত প্রিন্ট কপির সাথে **মূল চালান কপি** সংযুক্ত করতে হবে।

৯. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। প্রকৃত মৎস্যজীবী নিরূপণের ক্ষেত্রে FID বিবেচনায় নেয়া হবে এবং কার্ডধারী মৎস্যজীবী সমিতি অগ্রাধিকার পাবে।

১০. আবেদিত জলমহালসমূহের মধ্যে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটিতে অনুমোদন পরবর্তী সংশ্লিষ্ট জলমহাল ইজারাদেশ প্রদানের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ইজারাগ্রহীতা কর্তৃক ইজারামূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে চালানের মাধ্যমে, ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১১১০২১৫১০২৪-১১০০০০০০০-১১০০১০০০-১১১১১০১ নং কোডে এ চালানের মাধ্যমে ও ১৫% ভ্যাট ১১১০২০৪১০২০২১-১১০০০০০০০-১১০০১০০০১-১১৪১১০১ নং কোডে এ চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূলকপি জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখায় জমা দিতে হবে। রাজস্ব পরিশোধের ব্যর্থতায় ইজারাদেশ বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১১. অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতার সাথে ২০ চৈত্রের মধ্যে চুক্তিপত্র সম্পাদনের লক্ষ্যে আবেদনকারীকে ১০০/- (একশত) টাকা করে ০৩টি অর্থাৎ ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল করতে হবে। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল গ্রহণ করা যাবে না। চুক্তিনামা স্বাক্ষরের পর জলমহালের দখলনামা প্রদান করা হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২. অনুমোদিত ইজারাকৃত জলমহালে ধারাবাহিক দখল রক্ষার্থে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বিধি মোতাবেক ইজারার ২য় ও ৩য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য, ভাট ও আয়কর পূর্ববর্তী (১ম/২য়) বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩. লিজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি কেউ তা করে থাকে তাহলে উক্ত লিজ বাতিল বলে গণ্য হবে এবং লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৪. জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে এবং যে কোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে কার্যকর হবে এবং একই বছর ৩০শে চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি তা দাবি করতে পারবে না।

১৫. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না। এ সংক্রান্তে সঠিক তথ্য প্রদান করতে হবে।

১৬. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৭. জলমহাল নিয়ে মামলা আছে কিন্তু আদালতের স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞা নেই এরূপ ক্ষেত্রে ইজারা প্রদান করা হবে। অ-ইজারাকৃত জলমহালে নীতি ও বাস্তবতা বিবেচনায় খাস আদায়ের ব্যবস্থা নেয়া হবে।

১৮. অনলাইনে আবেদনের প্রিন্ট কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর বরাবর এ কার্যালয় দাখিল করতে হবে। এছাড়া, সীলগালাকৃত খামের উপর উপরিভাগে '(জলমহালের নাম) জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

১৯. উপরে বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জানার প্রয়োজন হলে তা অফিস চলাকালীন রাজস্ব (এসএ) শাখা (কক্ষ নং-৩০৪) হতে জানা যাবে।

২০. জলমহালের আয়তন কম/বেশি হতে পারে। সরেজমিন আয়তনের তারতম্যের বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২১. অনলাইনে আপলোডকৃত যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২২. যে কোন বিষয়ে যে কোন সময় জটিলতা বা অস্পষ্টতার উদ্ভব হলে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/০৬/২৫

মোঃ মাহফুজুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজৈর, মাদারীপুর।

স্মারক নম্বর-০৫.৪১.৫৪৮০.০০০.০৫.০০১.২৫- ১১৫/১(২৫)  তারিখ : ০২ চৈত্র ১৪৩১ / ১৬ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৩. চেয়ারম্যান (সচিব), ভূমি আপিল বোর্ড, ১২ তলা সরকারি অফিস ভবন (৮ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. জেলা প্রশাসক, মাদারীপুর।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাদারীপুর।
৭. পুলিশ সুপার, মাদারীপুর।
৮. সিভিল সার্জন, মাদারীপুর।
৯. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর।
১০. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ফরিদপুর।
১১. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর।
১২. জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
১৩. জেলা সমবায় কর্মকর্তা, মাদারীপুর।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
১৫. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মাদারীপুর।
১৬. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর।
১৭. উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর, মাদারীপুর।
১৮. জেলা তথ্য অফিসার, মাদারীপুর। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৯. সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর। (বিজ্ঞপ্তিটি তার নিয়ন্ত্রণাধীন সকল ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণপূর্বক ব্যাপক প্রচার নিশ্চিতকরণের অনুরোধসহ)
২০. জেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর ,মাদারীপুর। (বিজ্ঞপ্তিটি অত্র জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
২১. সহকারী কমিশনার (গোপনীয়/আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
২২. বিজ্ঞ জি,পি মাদারীপুর।
২৩. উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।
২৪. জনাব-------------------------------------------------------------------------------------------
২৫. অফিস কপি।

(স্বাক্ষর) ১৬/০৩/২৫

মোঃ রইছ আল রেজুয়ান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজৈর মাদারীপুর।